

প্রকাশিত নিয়োগ বিজ্ঞপ্তির সংশোধনী

বিআরডিবি'র শূন্য পদসমূহে সরাসরি জনবল নিয়োগের নিমিত্ত স্মারক নং-৭২৫২ তারিখ: ১১.০৭.২০২৪ খ্রি. মূলে গত ১২ জুলাই ২০২৪ তারিখ 'প্রতিদিনের সংবাদ' এবং ১৩ জুলাই ২০২৪ তারিখ 'দৈনিক ইত্তেফাক' ও 'ডেইলি অবজারভার' পত্রিকায় প্রকাশিত নিয়োগ বিজ্ঞপ্তির নিম্নবর্ণিত অনুচ্ছেদসমূহ সংশোধন/প্রতিস্থাপন করা হলো:

১) প্রকাশিত নিয়োগ বিজ্ঞপ্তির অনুচ্ছেদ ১(ক) এর (ii) ও (iii) এ বর্ণিত আবেদনের শেষ তারিখ ও সময় ১৪.০৮.২০২৪ খ্রি. বিকাল ৫:০০ ঘটিকার পরিবর্তে ৩১.০৮.২০২৪ খ্রি. বিকাল ৫:০০ ঘটিকা হবে।

২) প্রকাশিত নিয়োগ বিজ্ঞপ্তির ৬ নং অনুচ্ছেদে বর্ণিত অংশটুকু নিম্নবর্ণিতভাবে প্রতিস্থাপিত হবে:

“মৌখিক পরীক্ষার সময় প্রার্থীকে অবশ্যই শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতার সনদ (যদি থাকে), যথাযথ কর্তৃপক্ষের অনুমতিপত্র (প্রযোজ্য ক্ষেত্রে), অনলাইনে আবেদনের প্রিন্টেড কপি ও অন্যান্য সকল সনদপত্রের মূল কপি প্রদর্শন করতে হবে এবং পূরণকৃত Application Form সহ আবেদনের সাথে দাখিলকৃত সকল সনদ এবং প্রবেশপত্রের একসেট ফটোকপি সত্যায়িত করে দাখিল করতে হবে। এছাড়া জেলার স্থায়ী বাসিন্দার প্রমাণক হিসেবে ইউনিয়ন পরিষদ/পৌরসভা/সিটি কর্পোরেশন কর্তৃক প্রদত্ত সনদ ও জাতীয় পরিচয়পত্রের ফটোকপি দাখিল করতে হবে।”

৩) প্রকাশিত নিয়োগ বিজ্ঞপ্তির ১৩ নং অনুচ্ছেদে বর্ণিত অংশটুকু নিম্নবর্ণিতভাবে প্রতিস্থাপিত হবে:

“নিয়োগের ক্ষেত্রে সরকারের প্রচলিত বিধি-বিধান এবং কোটা সংক্রান্ত জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক ২৩ জুলাই ২০২৪ তারিখে জারীকৃত প্রজ্ঞাপন নং-০৫.০০.০০০০.১৭০.১১.০১৪.২৪-১৪১ এর নির্দেশনা অনুসরণ করা হবে।”

৪) প্রকাশিত নিয়োগ বিজ্ঞপ্তির ৬নং কলামে বর্ণিত প্রত্যেক পদের ক্ষেত্রে সকল জেলার যোগ্য প্রার্থীগণ আবেদন করতে পারবেন।


এ বিজ্ঞপ্তি পূর্বে প্রকাশিত নিয়োগ বিজ্ঞপ্তির সংশোধনী হিসেবে গণ্য হবে এবং বর্ণিত নিয়োগ বিজ্ঞপ্তি ও বিআরডিবি'র স্মারক নং- ৭৩৮৮ তারিখ: ১৫.০৭.২০২৪ খ্রি. মূলে গত ১৬ জুলাই ২০২৪ তারিখ উল্লিখিত দৈনিক পত্রিকাসমূহের প্রকাশিত সংশোধনীর অন্যান্য নিয়ম ও শর্তাবলী অপরিবর্তিত থাকবে।



বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড, ঢাকার ওয়েবসাইটে
প্রবেশ এর QR Code



বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড, ঢাকা এর টেলিটক
পোর্টালের QR Code


৩১/৭/২০২৪

মোহাম্মদ তৌহিদুল হক
যুগ্মপরিচালক (প্রশাসন)

ও

সদস্য সচিব

০২ নং নিয়োগ ও পদোন্নতি কমিটি
বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড, ঢাকা।
ফোন: ০২-৪১০১০৩২৪